

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১২৮

তারিখ: ১৫ অগ্রহাষণ ১৪২৮

৩০ নভেম্বর ২০২১

বিষয়: আদালতের রায়ের প্রেক্ষিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) জনের বকেয়া বেতন ভাতা সরকারি অংশ প্রদান।

- সূত্র: ১) ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.৪৭১ তারিখ-২৫.০৯.২০১৭খ্রি.  
২) ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.১৭.৬৫১৮ তারিখ-০৩.১২.২০১৭খ্রি.  
৩) ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.০৩ তারিখ-০২.০১.২০১৮খ্রি.  
৪) ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.২০১৭/৪০৬৩/৪ তারিখ-২৩.০৯.২০১৮খ্রি.  
৫) ৩৭.০০.০০০০.১০৫.৯৯.০০৬.১৭-৭১ তারিখ-১০.০১.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.০৩ তারিখ-০২.০১.২০১৮খ্রি. পত্রে মহামান্য সুপ্রিম কোর্টের রায়/নির্দেশনার আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়/আদেশ অনুসারে শিক্ষকগণকে যোগদানের তারিখ হতে এম.পি.ও ভুক্ত করার নির্দেশনা রয়েছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৬.২০১৭/৪০৬৩/৪ তারিখ-২৩.০৯.২০১৮খ্রি. পত্রে সেপ্টেম্বর/২০১৮ মাস হতে এম.পি.ও ভুক্ত করা হয়েছে। শিক্ষকদের যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি সরকারি অংশ প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়ন করা হয়নি। শিক্ষকদের যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি সরকারি অংশ প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। মহামান্য আদালতের রায় অনুযায়ী ০২(দুই) জন শিক্ষককে নামের তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	প্রার্থীর নাম	পদবি	বিষয়	কলেজের নাম ও ঠিকানা
১.	জনাব মো: আব্দুল লতিফ মৃধা	প্রভাষক	হিসাববিজ্ঞান	মোহনপুর ডিগ্রি কলেজ, মোহনপুর, রাজশাহী
২.	জনাব মোঃ শাহজাহান আলী	প্রভাষক	সমাজবিজ্ঞান	মোহনপুর ডিগ্রি কলেজ, মোহনপুর, রাজশাহী

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মতামত এবং পূর্বের ধারাবাহিকতায় উপর্যুক্ত ০২(দুই) জন শিক্ষককে যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদি প্রদানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-১১-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১২৮/১

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮  
৩০ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ, .....
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-১১-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব